রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ১১, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১১ ডিসেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং ৪১২-আইন/২০২৪।**— সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালা এর—

১। বিধি ৯ এর উপ-বিধি (৪) এর—

(ক) দফা (ক) তে উল্লিখিত "৭০০/- (সাতশত)" সংখ্যা, চিহ্নগুলি, বন্ধনী ও শব্দের পরিবর্তে "২০০/- (দুইশত)" সংখ্যা, চিহ্নগুলি, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) তে উল্লিখিত "১০০/- (একশত)" সংখ্যা, চিহ্নগুলি, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৫০/- (পঞ্চাশ)" সংখ্যা, চিহ্নগুলি, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

২। বিধি ১৪ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত "৩০ (ত্রিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৩২/- (বত্রিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) ও (৩) বিলুপ্ত হইবে;

(গ) উপ-বিধি (৪) এ উল্লিখিত "এবং (২)" শব্দ, বন্ধনী ও সংখ্যা বিলুপ্ত হইবে।

৩। বিধি ১৮ এর—

(ক) উপ-বিধি (১) এর টেবিলের ক্রমিক নং (৭) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত "২০০" সংখ্যার পরিবর্তে "১০০" সংখ্যা প্রতিস্থাপিত হইবে এবং ইহার অব্যবহিত পরবর্তী সারি (রো) এর কলাম (৩) এ উল্লিখিত "১১০০" সংখ্যার পরিবর্তে "১০০০" সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর টেবিলের ক্রমিক নং (৭) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত "২০০" সংখ্যার পরিবর্তে "১০০" সংখ্যা প্রতিস্থাপিত হইবে এবং ইহার অব্যবহিত পরবর্তী সারি (রো) এর কলাম (৩) এ উল্লিখিত "১১০০" সংখ্যার পরিবর্তে "১০০০" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

৪। এই প্রজ্ঞাপন ২৭ নভেম্বর, ২০২৪ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোখলেস উর রহমান**
সিনিয়র সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd